

# চার শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান

নিজস্ব বার্তা পরিবেশক

: সোমবার, ২০ জানুয়ারী ২০২৫



বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের অধ্যাপক পদমর্যাদার চার শিক্ষককে যশোর, কুমিল্লা, সিলেট ও দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে প্রেষণে নিয়োগ দেওয়া হয়েছে।

রোববার মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে চার শিক্ষা বোর্ডে চেয়ারম্যান নিয়োগের প্রজ্ঞাপন জারি করা হয়।

রাজধানীর সরকারি তিতুমীর কলেজের অধ্যাপক আসমা বেগমকে যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. শামসুল ইসলামকে কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান, মৌলভীবাজার সরকারি কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মো. আনোয়ার হোসেন চৌধুরীকে সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং চাঁপাইনবাবগঞ্জের নবাবগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মহা. তৌহিদুল ইসলামকে দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়েছে।

একই দিনে জারি করা আলাদা এক প্রজ্ঞাপনে যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক খোন্দকার কামাল হাসান, কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. নিজামুল করিম ও দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক স. ম. আব্দুস সামাদ আজাদকে ওএসডি করা হয়েছে।